গাজীপুরে শ্রমিকদের মহাসড়ক অবরোধের চেষ্টা, সাউন্ড গ্রেনেড নিক্ষেপ



ছবি: সংগৃহীত

ভারতের পশ্চিমবঙ্গের পেট্রাপোল সীমান্ত এলাকা পরিদর্শন করেছেন ভারতে অবস্থানরত আওয়ামী লীগের চার জ্যেষ্ঠ নেতা। রোববার (২২ নভেম্বর) একটি সাদা গাড়িতে সেখানে পৌঁছে প্রায় দুই ঘণ্টা অবস্থান করেন তাঁরা।

গাজীপুরের শ্রীপুরে শ্রমিক অসন্তোষের পঞ্চম দিনেও উত্তেজনা দেখা দিয়েছে। সোমবার (২৩ নভেম্বর) সকালে কাজে যোগ দেওয়ার পর কয়েকটি কারখানার শ্রমিকেরা বের হয়ে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে অবস্থান নেওয়ার চেষ্টা করেন। এ সময় তাঁদের ছত্রভঙ্গ করতে সাউন্ড গ্রেনেড ও টিয়ার শেল নিক্ষেপ করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। পরিস্থিতি নিয়ন্ত্রণে লাঠিচার্জও করা হয়।

সকাল সাড়ে ১০টার দিকে গড়গড়িয়া মাস্টারবাড়ী এলাকায় এ ঘটনা ঘটে। এতে কিছু সময়ের জন্য মহাসড়কে যান চলাচল ব্যাহত হয়।

এর আগে সকাল ৮টা থেকে শ্রীপুরের বৈরাগীর চালা ও মাস্টারবাড়ী এলাকার শ্রমিকেরা কারখানায় কাজে যোগ দিয়েছিলেন। পরে তাঁরা কারখানা থেকে বের হয়ে সড়কে জড়ো হওয়ার চেষ্টা করেন। উদ্ভূত পরিস্থিতিতে সোমবার শ্রীপুরের ১১টি কারখানায় ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ।

ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে যান চলাচল স্বাভাবিক রাখতে বিজিবি, শিল্প পুলিশ, আনসার, এসআরবিসহ বিভিন্ন বাহিনীর অতিরিক্ত সদস্য মোতায়েন রয়েছে।

গাজীপুর শিল্প পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার আমজাদ হোসেন জানান, কয়েকটি কারখানার শ্রমিকেরা কাজে যোগ দেওয়ার পর কিছুক্ষণ পরই বেরিয়ে মহাসড়কে অবস্থান নেওয়ার চেষ্টা করেন। পরে সাউন্ড গ্রেনেড ও টিয়ার শেল নিক্ষেপ করে তাঁদের সরিয়ে দেওয়া হয়। বর্তমানে মহাসড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে।